# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৭৮

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ তাদের বক্তব্য “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জুনুবী অবস্থায় ভোর করেছেন, তারপর তিনি সিয়াম রেখেছেন।” এর দ্বারা উদ্দেশ্য হলো গোসল করার পর এরকম করেছেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ: يصبحُ جُنُبًا ثُمَّ يَصُومُ أَرَادَ بِهِ بَعْدَ الِاغْتِسَالِ

আরবী

3478 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ حَدَّثَنِي اللَّيْثُ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الحارث بن هشام أنه قال: أخبرتني عائشة وأم سلمة - زَوْجَتَا النَّبِيِّ صلى الله عليه وسلم: أَنَّ رَسُولَ الله صلى الله عليه وسلم كان يُدْرِكُهُ الفجرُ وَهُوَ جُنُبٌ - مِنْ أَهْلِهِ - ثُمَّ يغتسل ويصوم

الراوي : عائشة وأم سلمة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3478 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (2066): ق.

বাংলা

৩৪৭৮. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রী আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা ও উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তারা বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের –স্ত্রী সহবাস করার কারণে- জুনুবী অবস্থায় ভোর হয়ে যেতো, তারপর তিনি গোসল করেছেন এবং সিয়াম রেখেছেন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৮১; তিরমিযী: ৭৭৯; মুসনাদ আহমাদ: ৬/২৮৯; সহীহুল বুখারী: ১৯২৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92812

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন